

আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (জনপ্রশাসন মন্ত্রণালয়) ১০, এস.এস. খালেদ রোড, চট্টগ্রাম প্রশিক্ষণ শাখা



স্মারক নম্বর: ০৫.০১.১৫৪১.০৬২.২৫.০১১.২১.৮

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮

১৩ এপ্রিল ২০২২

বিষয়: "Information & Communication Technology (ICT) Course (10-12), Communicative English Course (10-12), Fundamental Training Course (13-16)" এ প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রণীত প্রশিক্ষণ কর্মসূচী ২০২১-২০২২ অনুযায়ী কর্মচারীর জন্য "Information & Communication Technology (ICT) Course (10-12), Communicative English Course (10-12), Fundamental Training Course (13-16)" শীর্ষক প্রশিক্ষণ কোর্স তিন'টি নিয়ে তালিকায় উল্লেখিত তারিখ মেয়াদে এ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

ক্র: নং	নাম ও তারিখ:	যোগ্য পদ
1.	Information & Communication Technology (ICT) Course (29 May-	Grade: 10-12
	09 June, 2022)	
2.	Communicative English Course (15 May-26 May, 2022)	Grade: 10-12
3.	Fundamental Training Course (22 May - 09 June, 2022)	Grade: 13-16

- ২। কেন্দ্রের অনুষদ সদস্যবৃদ্দের পাশাপাশি দক্ষ ও অভিজ্ঞ অতিথি বক্তাগণ প্রশিক্ষক হিসেবে উক্ত প্রশিক্ষণে দায়িত পালন করবেন।
- ৩।মনোনয়ন দানের ক্ষেত্রে প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিক বিবেচনায় রেখে অপেক্ষাকৃত নবীন কর্মচারীর অগ্রাধিকার দেয়া যেতে পারে। মনোনয়ন পত্রে মনোনয়ন প্রদানকারী কর্মচারীর টেলিফোন, ফ্যাক্স নম্বর ও ই-মেইল আবশ্যিক ভাবে তা উল্লেখ করতে হবে।
- ৪। মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ শুরু হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবিসহ সকাল ০৯:০০ টায় অত্র কেন্দ্রে (আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, আসকার দীঘির পশ্চিম পাড়, ১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০) রিপোর্ট করতে হবে। কোর্স শুরুর নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন প্রশিক্ষণার্থীর যোগদান পত্র গ্রহণ করা হবে না।
- ৫। প্রশিক্ষণার্থীগণের আবাসন ব্যবস্থা হিসেবে কেন্দ্রের নিজস্ব আসবাব-সজ্জিত ডরমিটরী রয়েছে। এতে প্রশিক্ষণার্থীগণ বিনাভাড়ায় অবস্থান করতে পারবেন।
- ৬। প্রশিক্ষণার্থীগণকে এ কেন্দ্র থেকে সরকার কর্তৃক প্রবর্তিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদানের ব্যবস্থা রয়েছে।
- ৭। মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য পৃথক আবাসন সুবিধা রয়েছে। তবে শিশুসন্তান ও গৃহপরিচারিকাসহ ক্যাম্পাসে থাকার সুযোগ নেই।
- ৮। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধী টিকা গ্রহণকারী বা ১ম ডোজ গ্রহণকারী কর্মচারীদের মনোনয়ন দানের জন্য মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে (টিকা গ্রহণের প্রমাণ পত্র প্রশিক্ষণার্থীকে রেজিস্ট্রেশনের সময় উপস্থাপন করতে হবে।
- ৯। এমতাবস্থায়, বিষয়োক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত মহোদয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহ হতে০২(দুই) জন কর্মচারীর (পুরুষ/মহিলা) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
- ১০। আগ্রহী দপ্তর সমূহ কে তাদেঁর প্রতিষ্ঠানকর্তৃক মনোনীত কর্মচারীদের প্রশিক্ষণার্থী হিসেবে নামের মনোনয়ন তালিকা বা প্রশিক্ষণার্থী কর্তৃক নিজের দপ্তর হতে মনোনয়ন প্রাপ্তির চিঠি নিম্নপ্রদত্ত ই-মেইল যোগে আরপিএটিসি, চট্টগ্রামে কোর্স শুরুর দু'দিন পুবেই ই-মেইলে মনোনয়ন তালিকা/চিঠি পাঠাতে হবে। অন্যথায় কোর্সে অংশগ্রহণ করা যাবে না।

ই-মেইল- ddrpatcctg@gmail.com

যোগাযোগ: ০১৭৫১-৯০৬০৮৫ (প্রশিক্ষণ সহকারী)।



১৩-৪-২০২২ মনোয়ারা বেগম উপপরিচালক

ফ্যাক্স: ০২৩৩৩৩৫৯৬৯১

ইমেইল: ddrpatcctg@gmail.com

প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য পত্র প্রাপক